

দূরশিক্ষণে বিএড

শিক্ষা শিবির

উদ্বোধন

শিক্ষা সচিব কাজী জালাল-উদ্দীন আহমদ বলেন যে দেশের আট হাজার বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের বেতনের শতকরা ৮০ ভাগ অনুদান হিসাবে সরকার বহন করে থাকেন। এতে বার্ষিক ব্যয় হয় ১৫০ কোটি টাকা।

শিক্ষা সচিব শনিবার সকালে ঢাকা টিচার ট্রেনিং কলেজে দু-দিনব্যাপী 'দূর শিক্ষণে বিএড শিক্ষা শিবির' উদ্বোধনকালে একথা বলেন।

কাজী জালাল বলেন দেশের দশটি শিক্ষক প্রশিক্ষণ কলেজে মাত্র ৩ হাজার শিক্ষক ভর্তি সম্ভব অথচ দেশের সকল বিদ্যালয়ে প্রায় ৭০ হাজার শিক্ষকের যথোপযুক্ত প্রশিক্ষণের প্রয়োজন। সনাতন পদ্ধতিতে এদের প্রশিক্ষণ দিতে ২৫ বছর সময় লাগবে। অন্যদিকে দূর শিক্ষণ পদ্ধতির মাধ্যমে আগামী ৬/৭ বছরে দেশের মাধ্যমিক বিদ্যালয়ে কর্মরত সকল প্রশিক্ষণহীন শিক্ষকদের প্রশিক্ষণের ব্যবস্থা করা যেতে পারে।

শিক্ষা সচিব আরো বলেন, রৌণ্ড বাংলাদেশের মাধ্যমে প্রতি সপ্তাহে দু'দিন এ কোর্সের অনুষ্ঠান প্রচল করা হবে। তাছাড়া দেশের এক হাজারেরও অধিক মাধ্যমিক বিদ্যালয়ে যে অডিও কনসালসেট আছে সেগুলোতে নির্ধারিত দিনে কোর্সের অনুষ্ঠানাদি প্রচারণার ব্যবস্থা করা হবে। বকর তথ্য বিকরণীয়।

20.5.85
2/3/1/1/1